

সাধনচন্দ্র মহাবিদ্যালয়

হরিণডাঙা, ফলতা, দক্ষিণ ২৪ পরগনা

বিজ্ঞপ্তি

২৯/১২/২০২০

এতদ্বারা মহাবিদ্যালয়ের অনলাইনে ভর্তি হওয়া প্রথম সেমেস্টারের সমস্ত ছাত্রছাত্রীকে জানানো হচ্ছে যে, যারা এখনও পর্যন্ত অনলাইনে অ্যাডমিশন ভেরিফিকেশন করেনি, তারা আগামী ৩০ ডিসেম্বর বিকেল ৫টার মধ্যে অবশ্যই নির্দিষ্ট লিঙ্কে গিয়ে নিজেদের তথ্য ও নথি ভেরিফিকেশন করে নাও। প্রত্যেকের এই ভেরিফিকেশনে যোগ দেওয়া বাধ্যতামূলক। ভেরিফিকেশন না করা থাকলে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন পেতে ঘোরতর সমস্যা পড়বে। এমনকী, ভর্তি বাতিলও হয়ে যেতে পারে। এই অনলাইন ভেরিফিকেশনে যোগ দেওয়ার জন্য তোমাদের কোথায় কী করতে হবে, তা নীচে দেওয়া হল—

ছাত্র/ছাত্রীদের প্রতি সাধারণ নির্দেশিকা

- ১। প্রত্যেকে আগে নিজের স্টুডেন্ট আইডি-টি চিহ্নিত করো। কোথায় পাবে? এক, কলেজের অনলাইন পোর্টালের নোটিসে আপলোড করা আছে। দুই, যারা রেজিস্ট্রেশন ফর্ম ফিলআপ করেছো, তারা ইতিমধ্যেই জানো কার স্টুডেন্ট আইডি কী।
- ২। মনে রাখবে স্টুডেন্ট আইডি এবং অ্যাপ্লিকেশন আইডি, দু'টি আলাদা জিনিস। অনলাইনে আবেদন করার সময় তোমরা যা পেয়েছো, সেটি হল অ্যাপ্লিকেশন আইডি (উদাহরণঃ SCM20001192)। রেজিস্ট্রেশন ফর্ম ফিলআপের সময় যেটি লিখেছো, সেটি হচ্ছে স্টুডেন্ট আইডি (উদাহরণঃ B.A/20/0220)
- ৩। নীচে দেওয়া লিস্ট মিলিয়ে দেখো তোমার স্টুডেন্ট আইডিটি কোন গ্রুপে পড়ছে। সেই গ্রুপের গুগল ফর্মের লিঙ্কে ক্লিক করো।
- ৪। গুগল ফর্মের লিঙ্কে যে তথ্য দিতে বলা হয়েছে, তা পূরণ করো (প্রশ্নগুলি তোমাদের বোঝার সুবিধার জন্য বাংলায় করা হলেও উত্তর লিখবে ইংরেজি ভাষা ও অঙ্কে)।
- ৫। গুগল ফর্মের লিঙ্কে কিছু নথি (অরিজিনাল ডকুমেন্টস) দিতে বলা হয়েছে। এই ফর্মটি পূরণ করার আগে সেগুলি স্ক্যান করে পিডিএফ ফাইল (সর্বোচ্চ ফাইল সাইজ ১০এমবি, ফাইলের

সাইজ এর বেশি হলে নথি আপলোড করতে পারবে না) ফর্ম্যাটে কম্পিউটার বা স্মার্টফোনে সেভ করে রাখো।

৬। নথিগুলি স্ক্যান করে পাঠাতে হবে। ফোনের ক্যামেরায় ছবি তুলে পাঠালে চলবে না। যে কোনও ফ্রি স্ক্যান অ্যাপ দিয়ে সহজেই এই কাজটি তোমরা করতে পারো।

৭। অনলাইন ভেরিফিকেশন সংক্রান্ত কোনও সমস্যায় পড়লে বিভাগীয় হেল্পলাইনে (সকাল ১০ থেকে বিকেল ৫টার মধ্যে) ফোন করে যোগাযোগ করতে পারো।

কোন ছাত্র/ছাত্রীকে কোন লিঙ্কে গিয়ে গুগল ফর্ম পূরণ করতে হবে

GROUP	ONLY FOR REMAINING STUDENTS	GOOGLE FORM LINK
1	HONS	https://forms.gle/R11LyGhFr45s5eyQ6
2	GENERAL	https://forms.gle/DwqhSLbdMaGW6Nv69

By Order